

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২০, ২০১১

[বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্ধের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১৩৯, মতিঝিল বা/এ

ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ৩১ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৯০-আইন/২০১১।—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (উপদেষ্টা পরিষদ) প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২(১০) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) “চেয়ারম্যান” অর্থ কর্তৃপক্ষের চেয়ারম্যান;

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এবং বীমা উন্নয়ন ও কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে চ্য হইবে।

৩। উপদেষ্টা পরিষদ গঠন।—(১) কর্তৃপক্ষ, সরকারের পরামর্শ অনুযায়ী, সরকারি গেজেটে ন দ্বারা, অনধিক ১৫ (পনের) জন সদস্য সমন্বয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করিবে, যাহা জ্ঞাপনে নির্ধারিত তারিখ হইতে কার্যকর হইবে।

(২) উপদেষ্টা পরিষদের উদ্দেশ্য হইবে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ের উপর কর্তৃপক্ষকে ি প্রদান করা।

৪। উপদেষ্টা পরিষদের সভার কার্যক্রম।—(১) চেয়ারম্যানের অনুরোধের প্রেক্ষিতে, এই নমালায় প্রদত্ত শর্তাবলী অনুযায়ী উপদেষ্টা পরিষদ সভা অনুষ্ঠানের জন্য মিলিত হইতে, স্থগিত ি এবং অন্য কোন ভাবে সভা পরিচালনা করিতে পারিবেন।

(২) কর্তৃপক্ষ যখনই প্রয়োজন মনে করিবে তখনই উপদেষ্টা পরিষদ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষকে পরামর্শ প্রদানের জন্য সভায় মিলিত হইবেন।

(৩) চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত সময়ে ও স্থানে উপদেষ্টা পরিষদের সভা অনুষ্ঠিত হইতে ি।

(৪) কাজের সুবিধার্থে, উপদেষ্টা পরিষদের সম্মতিতে চেয়ারম্যান সদস্যদের দ্বারা উপ-কমিটি রূপে পারিবেন, যাদের সিদ্ধান্ত উপদেষ্টা পরিষদের নিকট উপস্থাপন করা হইবে।

(৫) কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সাধারণতঃ ৭ (সাত) দিন পূর্বে সভার বরণীর বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে এবং সময়ে সময়ে স্বীকৃত কার্যকর আইনের অধীন, বিজ্ঞপ্তি িবিবরণী সদস্যদের নিকট ব্যক্তিগতভাবে প্রাপ্তিস্বীকারের মাধ্যমে বা নিবন্ধিত ডাক বা কুরিয়ার দ্বারা মাধ্যমে বা অন্য কোন আধুনিক নিরাপদ ও নির্ভরযোগ্য যোগাযোগ পদ্ধতির মাধ্যমে িতে হইবে।

(৬) চেয়ারম্যান ন্যূনতম ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে বিজ্ঞপ্তি জারীপূর্বক উপদেষ্টা পরিষদের াহ্বান করিতে পারিবেন।

(৭) উপদেষ্টা পরিষদের সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করা হয় নাই এইরূপ কোন বিষয় ম্যান কর্তৃক অনুমোদিত হইলে আলোচনার জন্য বিবেচনা করা হইবে।

(৮) চেয়ারম্যান ও কর্তৃপক্ষের সদস্যগণ সভায় অংশগ্রহণ করিতে পরিবে।

(২) কোন সভায় কোরাম গঠিত না হইলে, উপস্থিত সদস্যগণ সভা অনুষ্ঠিত হওয়ার নির্দিষ্ট সময় হইতে ৩০ (ত্রিশ) মিনিট পর্যন্ত অপেক্ষান্তে সভাটিকে অনুরূপ বা অন্য কোন দিনের একই সময় পর্যন্ত, যেভাবে উপযুক্ত মনে করিবেন, স্থগিত ঘোষণা করিবে।

(৩) মূলতবি সভাতে যদি প্রয়োজনীয় সংখ্যক সদস্য উপস্থিত না হন, তাহলে উপস্থিত সদস্যদের সমন্বয়ে কোরাম গঠিত হইবে এবং কার্যক্রম গৃহীত হইবে।

(৪) চেয়ারম্যান বা সভাপতিত্বকারী সদস্যগণ কর্তৃক অনুপস্থিতির ছুটির আবেদন মঞ্জুর না হইলে, একজন সদস্য উপদেষ্টা পরিষদ বা উপ-কমিটির সকল সভায় যোগদান করিবেন।

(৫) উপযুক্ত ও যথাযথ কারণ ব্যতীত কোন সদস্য উপদেষ্টা পরিষদের ধারাবাহিক তিনটি সভায় অনুপস্থিত থাকিলে, কর্তৃপক্ষ উপদেষ্টা পরিষদের তালিকা হইতে তাহার নাম বাদ দিতে পারিবে এবং আইনের বিধান অনুযায়ী শূন্য পদ পূরণ করিবে।

৬। সভার কার্যবিবরণী।—(১) কমিটি যেরূপ পদ্ধতি উপযুক্ত বিবেচনা করিবে উপদেষ্টা বা উপ-কমিটির সভার কার্যবিবরণী সেইভাবে সংরক্ষণ করিবে।

(২) সভায় উপস্থিত সদস্যদের নাম কার্যবিবরণীতে উল্লেখ থাকিবে।

(৩) প্রত্যেক সভার কার্যবিবরণীতে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের নিরপেক্ষ ও সঠিক সারাংশ উল্লেখ থাকিবে।

(৪) উপদেষ্টা পরিষদ কর্তৃক চূড়ান্তকৃত ও অনুমোদিত কার্যবিবরণীর একটি অনুলিপি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করিবেন।

৭। বিবিধ শর্তাবলী।—(১) কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রযোজ্য শর্তাবলী অনুযায়ী, উপদেষ্টা পরিষদ বা উপ-কমিটির সভায় উপস্থিতির জন্য প্রত্যেক সদস্য খরচ, অধিবেশন ফি, আনুষঙ্গিক খরচাদি ইত্যাদির অর্থ কর্তৃপক্ষ হইতে প্রাপ্য হইবেন।

(২) উপদেষ্টা পরিষদ বা উপ-কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহের সাথে সংশ্লিষ্ট বিষয়ে পরিষদের কোন সদস্য সংবাদ মাধ্যম বা অন্য কোন সরকারি মাধ্যমে কোন প্রকার তথ্য প্রদান করিবেন না।

কর্তৃপক্ষের আদেশক্রমে

এম. শেফাক আহমেদ, এ্যাকচুয়ারী

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১৩৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।